

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮০৩(আগরতলা, ১৯।০২)

বিশ্রামগঞ্জ, ১৯ ফেব্রুয়ারি, ২০২০

সিপাহীজলা জেলাভিত্তিক যাত্রা উৎসবের সমাপ্তি

জম্পুইজলা উচ্চ বালিকা বিদ্যালয়ের মিনি স্টেডিয়ামে আয়োজিত সিপাহীজলা জেলাভিত্তিক যাত্রা উৎসব আজ শেষ হয়েছে। সমাপ্তি দিনে আজ ‘আপন দুল্লাল’ (বাংলা) এবং ‘য়ালোকতিনী কথমা’ (ককবরক) যাত্রা মঞ্চস্থ হয়। আজ সমাপ্তি দিনে বিভিন্ন জনগোষ্ঠীর হাজার হাজার দর্শক জম্পুইজলা মিনি স্টেডিয়ামে উপস্থিত ছিলেন। গত ১৬ ফেব্রুয়ারি বিধায়ক সুভাষ চন্দ্র দাস জম্পুইজলা হাইস্কুলের মিনি স্টেডিয়ামের মুক্ত মঞ্চে জেলাভিত্তিক এই যাত্রা উৎসবের উদ্বোধন করেন। তথ্য ও সংস্কৃতি দপ্তর আয়োজিত এই যাত্রা উৎসবে জেলার বিভিন্ন মহকুমা থেকে কাজল রেখা, দানবীর রাজা হরিশচন্দ্রের শশ্মান, সাগর বাদশা, বিখীরানি কীপাল, আপন দুল্লাল এবং য়ালোকতিনী কথমা এই ৬টি যাত্রা পালা মঞ্চস্থ হয়। আজ সমাপ্তি অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী শঙ্কর জমাতিয়া, বিশিষ্ট সংস্কৃতি প্রেমী ও লেখক শচীন কলই, বিডিও বরুণ দেববর্মা প্রমুখ। ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহ অধিকর্তা পাঞ্চলী দেববর্মা।
